

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২০, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ, ৬ই মাঘ ১৪০৬/১৯শে জানুয়ারি ২০০০

এস. আর. ও নং ১৩/আইন/২০০০/২৫৪/মসক-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কলিকাতা ও ঢাকার মধ্যে চলাচলকারী যাত্রীবাহী বাস এবং উক্ত বাসের প্রয়োজনীয় কন্ট্রোল, জালানী ও অন্যান্য ব্যবহার্য দ্রব্য ভারত হইতে বাংলাদেশে আমদানিকে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, উক্ত আইনের অধীনে আরোপযোগ্য মূল্য সংযোজন করা বা ক্ষেত্রমত, সম্পূর্ণক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

শর্তসমূহ

- (১) উল্লিখিত যাত্রীবাহী বাস বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পাদিত Agreement for Regulation of Motor Vehicle Passenger Traffic এর অধীন কলিকাতা ও ঢাকার মধ্যে চলাচলকারী হইতে হইবে ;
- (২) উল্লিখিত যাত্রীবাহী বাস বাংলাদেশে আমদানির তারিখ হইতে ত্রিশ দিনের অধিক বাংলাদেশে অবস্থান করিতে পারিবে না এবং উক্ত মেয়াদ অতিক্রান্ত হওয়ার পূর্বে উহা ভারতে পুনঃপেশ্তনী করা হইবে যেরূপে সংশ্লিষ্ট বাসের মালিক বা চালকের নিশ্চয়তাসহ একটি বন্ড উক্ত বাস আমদানির সময়ে বেনাপোল কাস্টমস্ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে ; এবং

(১৯৯)

মূল্য: টাকা ১-০০

- (৩) উল্লিখিত বাত্রীরাহী বাসের প্রয়োজনীয় যন্ত্রাংশ, জ্বালানী এবং অন্যান্য ব্যবহার্য দ্রব্য উক্ত বাস চলাচলের প্রয়োজনে একই সংগে আমদানি করিতে হইবে এবং অব্যবহৃত যন্ত্রাংশ, জ্বালানী ও অন্যান্য ব্যবহার্য দ্রব্য উক্ত বাস পুনঃরপ্তানির সমস্ত পুনঃ রপ্তানি করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

শাহাবুদ্দীন নাগরী

প্রথম সচিব (মুসক)।